



তথ্যবিবরণী

নম্বর-২৪৭

প্রথম ধাপে রাজশাহীর গোদাগাড়ি ও তানোরে ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন

রাজশাহী, ২৩ বৈশাখ (০৬ মে) :

আগামী বুধবার (৮ মে) ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপ অনুষ্ঠিত হবে। এ ধাপে রাজশাহীর গোদাগাড়ী ও তানোর উপজেলাসহ সারাদেশে ১৫০টি উপজেলা এ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

রাজশাহী জেলা নির্বাচন অফিসের তথ্য মতে, প্রথম ধাপে গোদাগাড়ী উপজেলায় চেয়ারম্যান পদে ৫ জন, ভাইস চেয়ারম্যান পদে ৪ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। এ উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ১ শত ৭টি, ভোট কক্ষ ৭ শত ১৫টি এবং মোট ভোটার সংখ্যা ২ লক্ষ ৮১ হাজার ১ শত ৬০ জন। এরমধ্যে পুরুষ ভোটার ১ লক্ষ ৪১ হাজার ৮ শত ৭০ জন ও নারী ভোটার ১ লক্ষ ৩৯ হাজার ২ শত ৮৯ জন এবং হিজড়া ভোটার ১ জন।

অন্যদিকে তানোর উপজেলায় চেয়ারম্যান পদে ২ জন, ভাইস চেয়ারম্যান পদে ২ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। এ উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৬১টি, ভোট কক্ষ ৪ শত ২৫টি এবং মোট ভোটার সংখ্যা ১ লক্ষ ৬৬ হাজার ১ শত ৭৩ জন। এ উপজেলার মোট ভোটারের মধ্যে পুরুষ ভোটার ৮১ হাজার ৯শত ৭ জন ও নারী ভোটার ৮৪ হাজার ২ শত ৬৬ জন।

ওই দিন সকাল ৮ টা থেকে ভোটগ্রহণ শুরু হয়ে বিকাল ৪ টায় শেষ হবে। ব্যালট পেপারের মাধ্যমে সম্পূর্ণ ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৭:১০ ঘ.